

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/29/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

যদি আপনি দেখে না থাকেন: যৌন হয়রানির আইন প্রসারিত করার প্রয়োজনের জন্য নিয় ইয়র্ক ডেইলি নিউজ (NEW YORK DAILY NEWS) পত্রিকায় গভর্নরের সচিব মেলিসা ডিরোজার অপ-এড

"আমাদের প্রকৃত পরিবর্তন প্রয়োজন এবং সেই পরিবর্তন এখনই ঘটতে হবে। বাজেট প্রক্রিয়া এলো এবং চলে গেল যৌন হয়রানির বিরুদ্ধে আবো লড়াই করার জন্য গভর্নরের প্রস্তাবিত অত্যন্ত গুরুত্বপূর্ণ আইন নিয়ে কোনও পদক্ষেপ না নিয়েই। শুনানিগুলি প্রাতিষ্ঠানিকভাবে চূপ করিয়ে রাখা যারা তাদের কর্তৃক প্রদান করে এবং এই বছর এই প্রক্রিয়াটির একটি গুরুত্বপূর্ণ অংশ এই স্বাগত পরিবর্তন। এখন কাজ করার সময়।"

আজ নিউ ইয়র্ক ডেইলি নিউজ এই বিধানসভা অধিবেশনে নিউ ইয়র্ক স্টেটের যৌন হয়রানির আইন প্রসারিত করার জন্য গভর্নরের সচিব মেলিসা ডিরোজার একটি অপ-এড প্রকাশ করেছে। অপ-এডের লেখাটি [এখানে](#) এবং নিচে পাওয়া যাবে।

গত বছর, গভর্নর কুওমো একটি বিস্তৃত আইনের প্যাকেজ সমর্থন করেন যা যৌন নির্যাতনের বিরুদ্ধে লড়াইয়ের জন্য নতুন, শক্তিশালী সরঞ্জাম মানবাধিকার বিভাগকে (Division of Human Rights) প্রদান শুধু করে তাই নয়, অন্যান্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং দীর্ঘকাল বিলম্বিত সুরক্ষাগুলিও প্রণয়ন করে। এই পদক্ষেপগুলি নিয়োগকারীদের নিয়োগের চুক্তিতে যৌন নির্যাতনের সাথে সম্পর্কিত বাধ্যতামূলক বিধানসমূহ রাখা নিষিদ্ধ করে, রাজ্যের আধিকারিক এবং কর্মচারীদের যৌন হয়রানির সাথে সম্পর্কিত রায়ের জন্য যে কোনও অর্থ প্রদানের জন্য রাজ্যকে তা পরিশোধ করা বাধ্যতামূলক করে এবং নিশ্চিত করা যে অ-প্রকাশ চুক্তি শুধু তখনই ব্যবহার করা যেতে পারে যখন উত্তরজীবী স্পষ্টভাবে ব্যক্ত করে যে তিনি তা চান।

ফলস্বরূপ, যৌন হয়রানির বিরুদ্ধে যুদ্ধে নিউ ইয়র্ক এখন এক জাতীয় নেতা। মার্কিন যুক্তরাষ্ট্রে আমরা সব চেয়ে শক্তিশালী সরকারি যৌন হয়রানি সম্পর্কিত নীতি পাস করেছি কারণ গভর্নর যেমন বলেছিলেন, "নারীদের যৌন হয়রানি বাস্তব, এটি অনস্বীকার্য এবং ইতিহাসের সেই মুহূর্ত যখন সংস্কার সাধন করে এটি চিরকালের জন্য শেষ করা উচিত"।

জানুয়ারীতে, গভর্নর এই বছরের স্টেট অফ দ্য স্টেট (State of the State) এবং নির্বাহী বাজেটে নিউ ইয়র্কের দেশের নেতৃত্ব স্থানীয় যৌন হয়রানির নীতিগুলি প্রসারিত করার প্রস্তাব দিয়েছেন যাতে কর্মক্ষেত্রে সবার জন্য নিরাপদ পরিবেশ নিশ্চিত করা যায়।

এই বিলগুলি কর্মচারীদের জন্য যৌন হয়রানির জন্য নিয়োগকারীদের দায়বদ্ধ করার উচ্চ সীমা হ্রাস দেবে। বর্তমানে, যেসব অভিযোগকারীরা হয়রানি ভোগ করে তাদের অবশ্যই প্রমাণ করতে হবে যে তা "গুরুতর বা পরিব্যাপক"। যা বৈধ দাবির জন্য একটি বাধা সৃষ্টি করে। আমাদের প্রস্তাব এই কঠোর মান নির্মূল করে এবং আরো বৈধ দাবি উন্নত হতে দেবে।

এই বিলগুলি অ-প্রকাশ চুক্তিতে এমন ভাষা অন্তর্ভুক্ত করা বাধ্যতামূলক করে যা কর্মচারীদের সরকারী অভিযোগ দায়ের করতে দেয় এবং নিয়োগকর্তাদের শ্রম বিভাগ এবং মানবাধিকার বিভাগ (Department of Labor and the Division of Human Rights) দ্বারা ডিজাইন করা যৌন হয়রানি বিষয়ক শিক্ষামূলক পোস্টার স্পষ্টভাবে দৃষ্টিগোচর হয় এমনভাবে পোস্ট করা বাধ্যতামূলক করে।

এবং, গুরুত্বপূর্ণভাবে, গভর্নর দ্বিতীয় ডিগ্রী এবং তৃতীয় ডিগ্রী ধর্মের ক্ষেত্রে সীমাবদ্ধতার বিধান সরিয়ে দেওয়ার জন্য আইন অগ্রসর করেন - যাতে আক্রান্তরা ন্যায় বিচার পাবার পূর্ণ সুযোগ পান।

গত সপ্তাহে, বিধানসভা নিউ ইয়র্কের দেশের নেতৃস্থানীয় যৌন হয়রানি আইন প্রসারিত করার শুনানি করে। কর্মক্ষেত্রে যৌন হয়রানি রোধ এবং মোকাবেলার গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে কথোপকথন গত কয়েক বছর ধরে প্রবলভাবে চলছে।

কথোপকথন গুরুত্বপূর্ণ; পদক্ষেপ নেওয়া আরো ভালো।

কর্মক্ষেত্রগুলি নিরাপদ এবং যৌন হয়রানি থেকে মুক্ত, শ্রমিকদের অধিকার সুরক্ষিত, এবং নিয়োগকর্তারা কেবল দ্রুত এবং জোরপূর্বক কোনও হয়রানির মোকাবিলা করবেন, তাই শুধু নয়, এমন ঘটনা আবার যাতে না ঘটে তা নিশ্চিত করার জন্য অর্থপূর্ণ পদক্ষেপও নেবে।

আমাদের এই সমস্যার মোকাবিলা করার জন্য সব উপলব্ধ সরঞ্জাম প্রয়োজন। এবং শুনানির গুরুত্বপূর্ণ হলেও, তা যথেষ্ট নয়। আমাদের প্রকৃত পরিবর্তন প্রয়োজন এবং সেই পরিবর্তন হতে হবে এখনই। বাজেট প্রক্রিয়া এলো এবং চলে গেল যৌন হয়রানির বিরুদ্ধে আরো লড়াই করার জন্য গভর্নরের প্রস্তাবিত অত্যন্ত গুরুত্বপূর্ণ আইন নিয়ে কোনও পদক্ষেপ না নিয়েই।

শুনানিগুলি প্রাতিষ্ঠানিকভাবে চূপ করিয়ে রাখা যারা তাদের কণ্ঠ প্রদান করে এবং এই বছর এই প্রক্রিয়াটির একটি গুরুত্বপূর্ণ অংশ এই স্বাগত পরিবর্তন। এখনই কাজ করার সময়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)